



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা - ৭৯৯ ০০১ □ পশ্চিম ত্রিপুরা।

রেফ নং :

তারিখ : 1-3-2016

No.7(1)-SWC/Pc/Un-dth/Sl.61 /2016 | 632-48

No.7(1)-SWC/Pc/Un-dth/Sl.62 /2016

প্রেস রিলিজ

দুটি ঘটনার তদন্তে মহিলা কমিশন-দোষীদের কঠোর শাস্তি দাবী করছে কমিশন

গত ২০ এবং ২৩শে ফেব্রুয়ারী স্থানীয় পত্রিকায় প্রকাশিত খবরের ভিত্তিতে গত ২৭শে ফেব্রুয়ারী মহিলা কমিশনের দুই সদস্যের এক প্রতিনিধিদল সোনামুড়া থানাধীন বড়পাথর এবং অপর আরেকটি কেইসের তদন্তে মেলাঘর থানাধীন শিবনগরে যান। দুটি ক্ষেত্রেই কথা বলেন মৃত্যুর পরিবারবর্গের সাথে। মৃত জয়ন্তী দেবনাথের মা পুষ্প রানী দেবনাথ জানান ১১ বছরের বিবাহিত জীবনে এক সন্তানের জননী। জয়ন্তী বিয়ের পর থেকেই শাশুড়ী দেওর এবং জা এর দ্বারা দৈহিক ও মানসিকভাবে নির্যাতিত হয়েছেন। স্বামী অমর দেবনাথের উপস্থিতিতেই দেওর দৈহিক নির্যাতন করে কিন্তু স্বামী কোন প্রতিবাদ করে নি। মৃত্যুর মা জানান মৃত্যুর ৩/৪ দিন আগে জয়ন্তী জানায় স্বামী, শাশুড়ী, দেওর এবং জা প্রচণ্ড মারধোর করে, মাথার চুল ছিড়ে ফেলে। দেওর কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয়। মৃত্যুর আত্মীয়স্বজন দোষীদের কঠোর শাস্তি দাবী করে।

মেলাঘর থানাধীন শিবনগরের কেইসটিতেও মৃত্যুর মা এবং পরিবারবর্গ জানান মৃত্যুর রীতা তার শাশুড়ী এবং দেওরের দ্বারা দৈহিক ও মানসিকভাবে নির্যাতিত হয়েছেন। বিয়েতে দেয়া আসবাবপত্র ভাল হয় নি এই নিয়ে শাশুড়ী প্রতিনিয়ত খোঁটা দিত। দেওর বিয়েতে প্রদেয় টি ভি এবং ড্রেসিং দাবিল ভেঙে ফেলে বলে মৃত্যুর মা অভিযোগ জানান। মৃত্যুর ৩/৪ মাস আগে মৃত্যুর স্বামী রাজীব পনের হাজার টাকা দাবী করে। কিন্তু টাকা দেয়া সম্ভব না হওয়াতে রীতার উপর নির্যাক্তন বৃদ্ধি পায় বলে মৃত্যুর মা জানান। রীতার গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয় বলে ধারণা মৃত্যুর মা এবং আত্মীয় স্বজনের।

কমিশন ঘটনা দুটির তীব্র নিন্দা করছে। সুষ্ঠু তদন্তক্রমে দোষীদের কঠোর শাস্তি দাবী করছে।

১/৩/২০১৬
মহিলা কমিশন
পশ্চিম ত্রিপুরা